

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০২০.২০১৯-৪২৪

তারিখঃ

০৬ জুলাই ২০১৯

২৬/০৬/২০১৯

আদেশ


যেহেতু, ডাঃ মোঃ হুমায়ুন কবির (৪০১৪০), সহযোগী অধ্যাপক (চঃ দাঃ), অর্থোসার্জারী, শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ, গোপালগঞ্জ (১) কলেজের একাডেমিক কর্মকাণ্ডে প্রায়শ বাধা সৃষ্টি করেন। বহিরাগতের যোগসাজশে কলেজের কর্মকাণ্ডে বাধা সৃষ্টি করেন। হাসপাতালের কতিপয় কর্মচারীর সহিত যোগসাজশ করে মেডিকেল কলেজের সুষ্ঠু পরিবেশ বিনষ্ট করার চেষ্টা করেন, (২) ক্লাশ, সেমিনার, ওয়ার্ড ও ওটিতে কর্মকালীন সময়ে অধ্যক্ষ ও কলেজের বিরুদ্ধে উস্কানীমূলক সমালোচনা করেন। অধ্যক্ষের আদেশ অমান্য করেন, মাঝে মাঝে সরাসরি সর্বসম্মুখে অধ্যক্ষকে চ্যালেঞ্জ করেন যা দৃষ্টিকটু ও কোনভাবেই কাম্য নয়। শিক্ষকদের সহিত প্রায়শ দুর্ব্যবহার করেন। সিনিয়র শিক্ষকদের সম্মান করেন না, (৩) সরকারী কর্মকালীন সময়ে প্রাইভেট ক্লিনিকে অপারেশন করে থাকেন এবং (৪) যত্রতত্র সত্যায়িত করে থাকেন। একই ব্যক্তিকে জাল নামে পাসপোর্ট প্রাপ্তির সহায়তার জন্য আপনার বিরুদ্ধে একটি অভিযোগ পাওয়া যায় বিধায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুঞ্জলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে ০৩.০৩.২০১৯ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.০২০.২০১৯-১০৩ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিস জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানোর নোটিসের জবাব ও ব্যক্তিগত শুনানীর প্রার্থনা করেন। ঐর ব্যক্তিগত শুনানীকালে অভিযোগের সাথে প্রদত্ত তথ্যের মিল না থাকায় অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক আনীত ৪টি অভিযোগের মধ্যে মাত্র ১টি অভিযোগ আংশিক প্রমাণিত মর্মে প্রতিবেদন দাখিল করেন। এ জন্য তিনি তিরস্কার দণ্ড পাওয়ার যোগ্য;

সেহেতু, ডাঃ মোঃ হুমায়ুন কবির (৪০১৪০), সহযোগী অধ্যাপক (চঃ দাঃ), অর্থোসার্জারী, শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ, গোপালগঞ্জ এর সরকারী কর্মচারী (শুঞ্জলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগ আংশিক প্রমাণিত হওয়ায় অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয়াদি বিবেচনায় উক্ত বিধিমালা ৪(২)(ক) বিধি অনুযায়ী তিরস্কার দণ্ড আরোপ করা হলো এবং বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে



(মোঃ আসাদুল ইসলাম)

সচিব

তারিখঃ ২৬/০৬/২০১৯

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০২০.২০১৯-৪২৪/২(২)
অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এমআইএস এর কম্পিউটার ও ডাটা সিতে সংরক্ষণ করার জন্য)।
- ৩। অধ্যক্ষ, শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ, গোপালগঞ্জ।
- ৪। উপপরিচালক (শুঞ্জলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৫। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, গেজর্গাঁও, ঢাকা। [পরবর্তী গেজেটে প্রকাশ ও প্রকাশিত গেজেটের ২০ (বিশ) কপি শুঞ্জলা অধিশাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো]
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৭। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৮। ডাঃ মোঃ হুমায়ুন কবির (৪০১৪০), সহযোগী অধ্যাপক (চঃ দাঃ), অর্থোসার্জারী, শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ, গোপালগঞ্জ।
- ৯। অফিস কপি।


মোঃ আবিদুছ সালাম
উপসচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

disc@hds.gov.bd